# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 11-02-2026** **Time: 7.50 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) সব ধরণের সরকারি অনুষ্ঠানে এবার থেকে জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরম’ও পরিবেশন করতে হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে।

২) রাজ্য সরকার এস আই আর প্রক্রিয়াকে ব্যাহত করার সব ধরনের চেষ্টা চালাচ্ছে বলে বিজেপি নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব অভিযোগ করেছেন।

৩) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, রাজ্য সরকারের অসহযোগিতার কারণেই পশ্চিমবঙ্গে রেলের একাধিক প্রকল্পের কাজ আটকে রয়েছে।

৪) রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস, রাজ্যবাসীকে ঐক্যবদ্ধ হয়ে হিংসা ও দুর্নীতি মুক্ত বাংলা গড়ার আহ্বান জানিয়েছেন।

৫) কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে নতুন স্থায়ী ভবনে আজ থেকে স্বাভাবিক কাজকর্ম শুরু হয়েছে।

৬) উচ্চ-মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টার শুরু হচ্ছে আগামীকাল।

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

জাতীয় সঙ্গীত ‘জন-গণ-মন’–র সঙ্গেই এবার থেকে সব ধরণের সরকারি অনুষ্ঠানে জাতীয় স্ত্রোত্র ‘বন্দে মাতরম’ ও পরিবেশন করতে হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে। এব্যাপারে পশ্চিমবঙ্গ সহ সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আজ সকালে নির্দেশিকা পাঠানো হয়েছে। এতে বলা হয়েছে, ‘বন্দে মাতরম’-এর **সরকারি সংস্করণ** পরিবেশনের সময় অনুষ্ঠানে উপস্থিত সকলকে অবশ্যই উঠে দাঁড়াতে হবে। জাতীয় সঙ্গীতের মতো এক্ষত্রেও সময় স্থির করে দেওয়া হয়েছে। ‘বন্দে মাতরম’–এর ৬’টি স্তবক, ১৯০ সেকেন্ড বা ৩’মিনিট ১০ সেকেন্ডের মধ্যে পরিবেশন করতে হবে। কোন্ কোন্ সময়ে ‘বন্দে মাতরম’ পরিবেশন করা বাধ্যতামূলক, তাও কেন্দ্রের নির্দেশিকায় স্পষ্টভাবে জানানো হয়েছে। মন্ত্রক জানিয়েছে, জাতীয় পতাকা উন্মোচন, সরকারি অনুষ্ঠানে রাষ্ট্রপতির আগমন ও প্রস্থান, জাতীর উদ্দেশে রাষ্ট্রপতির ভাষণের আগে ও পরে, সরকারি অনুষ্ঠানে রাজ্যপাল ও উপরাজ্যপালদের আগমণ ও প্রস্থান, কোনো নাগরিক সম্মান বা পুরস্কার দেওয়া এবং কুচকাওয়াজে জাতীয় পতাকা আনার সময় ‘বন্দে মাতরম’ বাধ্যতামূলক করা হয়েছে। অন্যান্য সরকারি অনুষ্ঠান বা স্কুলে প্রার্থনার সময়’ও তা’ পরিবেশন করা যাবে। একইসঙ্গে স্ত্রোত্র পাঠ বা পরিবেশনের সময় সকলকে কন্ঠ মেলানোর’ও প্রস্তাব দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। কখনো যদি সিনেমার অংশ হিসেবে এই গান ব্যবহৃত হয়, সেক্ষেত্রে উঠে দাঁড়ানো বাধ্যতামূলক নয়। তবে প্রতি ক্ষেত্রেই যথাযথ মর্যাদা এবং শৃঙ্খলা বজায় রাখা আবশ্যিক।

উল্লেখ্য, ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বন্দে মাতরম-এর সার্ধ শতবর্ষ পূর্তিতে কেন্দ্রীয় সরকার একাধিক উদ্যোগ নিয়েছে। জাতীয় সঙ্গীতের পাশাপাশি আনন্দমঠ উপন্যাসের অংশ এই গানকে সংবিধান আলাদ মর্যাদা এবং স্বীকৃতি দিলেও,

এতোদিন বন্দে মাতরম-এর জন্য কোন নির্দিষ্ট বিধি ছিলনা। নতুন নির্দেশিকা কার্যকর হলে জাতীয় স্তোত্র পরিবেশনের ক্ষেত্রে সামঞ্জস্য বজায় থাকবে।

ooooooooooooooooooo

জাতীয় সঙ্গীতের সঙ্গেই জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম' গাওয়া নিয়ে কেন্দ্রীয় সরকার সার্বিকভাবে নির্দেশ দিলে সাম্প্রদায়িক বিভেদ তৈরি হবে বলে বিরোধীরা যে দাবি করেছে, তার উত্তরে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, দেবী দুর্গার মধ্যেও কেউ সাম্প্রদায়িকতা খুঁজে পেলে তা দুর্ভাগ্যজনক। রাজ্যের শাসক দল নিজেদের দুর্গা ভক্ত বলে দাবি করে কলকাতায় দুর্গাপুজোর কার্নিভাল করছে। অথচ 'বন্দে মাতরম'-এর ক্ষেত্রে এই অংশের বিরোধিতা করা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

সীমান্তবর্তী জেলাগুলিতে যেভাবে সরস্বতী পুজো এবং কালীপুজোর উপর আক্রমণ হচ্ছে, তা কলকাতায় দুর্গাপুজো বন্ধ হওয়ার ইঙ্গিত দিচ্ছে। বিরোধিতা সত্বেও বন্দেমাতরম সর্বত্র চলবে বলে শ্রী ভট্টাচার্য স্পষ্ট জানিয়েছেন।

( বাইট- শমীক )

ooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব পর্যালোচনায় দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী ও মণীশ গর্গের নেতৃত্বে এক প্রতিনিধি দল আগামী মাসের প্রথম সপ্তাহে এরাজ্যে আসছেন। আগামী পয়লা ও দোসরা মার্চ ওই প্রতিনিধি দল এরাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করবেন। এর পাশাপাশি ওই প্রতিনিধি দলটি নির্বাচনের কাজে যুক্ত বিভিন্ন এজেন্সিগুলির সঙ্গেও বৈঠক করবেন বলে সূত্রের খবর।

রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২৮ শে ফেব্রুয়ারি। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার নতুন

সময়সূচী প্রকাশ করেছে নির্বাচন কমিশন। সেখানে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন ১৪'ই ফেব্রুয়ারীর পরিবর্তে দু'সপ্তাহ পিছিয়ে দেওয়া হয়েছে।

**০০০০০০০০০০০০০০০০০০০**

পশ্চিমবঙ্গ সহ নির্বাচনমুখী পাঁচ রাজ্যে ইভিএম ও ভিভিপ্যাট নিয়ে সচেতনতা বাড়াতে নির্বাচন কমিশন বিশেষ প্রচার অভিযান শুরু করেছে । গ্রামাঞ্চল থেকে জেলা স্তর পর্যন্ত হাতে-কলমে প্রদর্শনের মাধ্যমে ভোটারদের আস্থা বাড়ানোর লক্ষ্যেই এই উদ্যোগ বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। ইলেকট্রনিক ভোটিং মেশিন ও ভিভিপ্যাটের কার্যপদ্ধতি সম্পর্কে ভোটারদের সরাসরি ধারণা দেওয়ার জন্য জেলা নির্বাচন আধিকারিকদের দপ্তর ও রিটার্নিং অফিসারদের অধীনে ইভিএম প্রদর্শনী কেন্দ্র চালু করা হয়েছে। পাশাপাশি মোবাইল প্রদর্শনী ভ্যানের মাধ্যমে প্রত্যন্ত এলাকাতেও এই প্রচার পৌঁছে দেওয়া হচ্ছে।

**০০০০০০০০০০০০০০০০০০০**

রাজ্য সরকার SIR প্রক্রিয়া ব্যাহত করার জন্যে সব রকম ভাবে চেষ্টা চালাচ্ছে বলে বিজেপি নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী ভুপেন্দ্র যাদব অভিযোগ করেছেন। আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে তিনি SIR প্রক্রিয়ায় যে কোনোরকম বিঘ্নের চেষ্টা বরদাস্ত করা হবেনা, সুপ্রিম কোর্টের এই স্পষ্ট নির্দেশ, সকলকে স্মরণ করিয়ে দেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সমালোচনা করে শ্রী যাদব বলেন, তিনিই দেশের একমাত্র মুখ্যমন্ত্রী যিনি নিজের সরকারী কর্মচারীদের সঙ্গেই আইনি লড়াই-এ ব্যস্ত।

তিনি অভিযোগ করেন, দেশের বাকি অংশে সপ্তম বেতন কমিশন রূপায়িত হলেও পশ্চিমবঙ্গের প্রায় ২০ লক্ষ কর্মচারী এখনও ষষ্ঠ বেতন কমিশনের সুযোগ সুবিধে পাওয়ার জন্য লড়াই করছেন। SIR প্রক্রিয়ার কারণে মৃত্যুর অভিযোগ

খারিজ করে শ্রী যাদব পাল্টা দাবি করেন, ডি এ না পাওয়াই প্রকৃতপক্ষে এদের মৃত্যুর কারণ, SIR নয়।

(বাইট – ভূপেন্দ্র যাদব)

গণতান্ত্রিক নেত্রী হিসেবে সুপ্রিম কোর্টের রায় মেনে সুষ্ঠু ও অবাধ এস আই আর প্রক্রিয়া পরিচালনার কাজ সুসম্পন্ন করতে দেওয়ার জন্যেও মুখ্যমন্ত্রীর প্রতি আর্জি জানান শ্রী যাদব।

oooooooooooooooooo

হিংসা ও দুর্নীতি বাংলার রাজনীতিতে ক্যান্সারের মত ছড়িয়ে পড়েছে বলে মন্তব্য করে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, সকলকে ঐক্যবদ্ধ হয়ে আগামী দিনে হিংসা ও দুর্নীতি মুক্ত বাংলা গড়ার আহ্বান জানিয়েছেন।

বারাসাতে আজ এক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, আগামী বিধানসভা নির্বাচনে রাজ্যের মানুষ সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করবে। তারা বিচক্ষণতার সঙ্গেই ভোট দেবেন বলে আশা ব্যক্ত করেন তিনি। জাতীয় সঙ্গীত 'জন-গণ-মন'-র সঙ্গেই জাতীয় স্তোত্র বন্দেমাতরম গাইবার কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তকে রাজ্যপাল স্বাগত জানিয়েছেন।

oooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "বিকশিত ভারতের লক্ষ্যে সেচ ও শক্তি ক্ষেত্রে সমতা রেখে DVC-র পথচলা'। সংস্থার চেয়ারম্যান এস সুরেশ কুমারের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ ( ১১/০২/২৬) রাত সাড়ে ন'টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooo

কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের রেল এর জন্য রেকর্ড ১৪ হাজার ২০৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন। আজ লোকসভায় তিনি বলেন, ইউপিএ আমলে ২০০৯ থেকে ২০১৪ পর্যন্ত এই বরাদ্দ ছিল মাত্র চার হাজার ৩০০ কোটি টাকা। তিনি অভিযোগ করেন, পশ্চিমবঙ্গের রেল প্রকল্পগুলির জন্য যেখানে ৪ হাজার ৬৬২ হেক্টর জমি প্রয়োজন, তার মধ্যে মাত্র ২৭ শতাংশ অধিগ্রহণ হয়েছে। রাজ্য সরকারের অসহযোগিতার কারণে বেশ কয়েকটি প্রকল্পে জমি অধিগ্রহণ প্রক্রিয়া এখনও শুরু করা যায়নি।

**(বাইট – অশ্বিনী বৈষ্ণব)**

বিজেপি সাংসদ জগন্নাথ সরকারের এক লিখিত প্রশ্নের জবাবে শ্রী বৈষনো জানান খিদিরপুরে মেট্রো স্টেশন তৈরির জন্যে ২০২০ সালে রাজ্য সরকারের কাছে জমি চাওয়া হলেও গত বছর জুলাই মাসে তা পাওয়া যায়। অন্যদিকে ধর্মতলার বিধান চন্দ্র রায় মার্কেট অস্থায়ী ভাবে সরানোর জন্যে সাড়ে তিন বছর অপেক্ষা করতে হয় বলে তিনি জানিয়েছেন। নিউ গড়িয়া দমদম এয়ারপোর্ট অংশের চিংড়িঘাটায় ফ্লাইওভারের কাজের জন্যে রাজ্যের তরফে গত ১০ মাসেও অনুমতি মেলেনি বলে মন্ত্রী জানিয়েছেন। এইদিকে যাত্রী পরিষেবার উন্নতিতে চার দশকের বেশি সময় বাদে মেট্রোর ব্লু লাইন করডরের ১৫টি স্টেশনের পরিবেশ নিয়ন্ত্রন ব্যবস্থা ও ভেন্টিলেশন সংক্রান্ত কাজের পরিকাঠামোর কাজের জন্যে রেল মন্ত্রক এক হাজার ২০০ কোটি টাকার বেশি বরাদ্দ করেছে বলে তিনি জানিয়েছেন।

**oooooooooooooooooo**

কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের নতুন স্থায়ী ভবনে আজ থেকে স্বাভাবিক কাজকর্ম শুরু হয়েছে।

আদালতের প্রথমদিন সকাল ১০ টায় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালকে জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা

জ্ঞাপন করা হয়। ডেপুটি সলিসিটর জেনারেল সুদীপ্ত মজুমদার সহ বারের অন্যান্য আইনজীবীরাও সেখানে উপস্থিত ছিলেন।

প্রধান বিচারপতি বলেন, নতুন ভবনের কাজ শুরু হওয়ার মধ্যে দিয়ে এর প্রাণ প্রতিষ্ঠা হল। আগামীদিনে এই আদালতে ধীরে ধীরে মামলার সংখ্যা বৃদ্ধি পাবে। সাধারণ যাতে সুবিচার পান, আইনজীবী থেকে বিচারপতি, সকলেই সেই চেষ্টা করবেন।

**ooooooooooooooooo**

রাজ্যে সংশোধনাগারগুলির বর্তমান অবস্থা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। অবিলম্বে সেগুলির পরিস্থিতি বদলানোর পাশাপাশি নতুন সংশোধনাগার তৈরিরও নির্দেশ দিয়েছে বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চ। শুনানি চলাকালীন ডিভিশন বেঞ্চ পর্যবেক্ষণে জানায়, আদালতের বারবার নির্দেশ সত্ত্বেও সংশোধনাগারগুলিতে বন্দিদের ভীড় কমানোর জন্য উপযুক্ত ব্যবস্থা করা হয়নি। নতুন সংশোধনাগার বানানোর খরচ এবং সেখানে কতজন বন্দিকে রাখা যাবে সেবিষয়ে রাজ্য সরকারকে এক মাসের মধ্যে রিপোর্ট জমা দিতে বলেছে আদালত।

**ooooooooooooooooo**

উচ্চ মাধ্যমিকের চতুর্থ তথা চূড়ান্ত সেমিস্টার শুরু হচ্ছে আগামীকাল। চতুর্থ সেমিস্টার ছাড়াও তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি এবং পুরনো পদ্ধতিতে উচ্চমাধ্যমিক শুরু হবে ওই দিন থেকেই। মোট পরীক্ষার্থীর সংখ্যা সাত লক্ষের বেশি। ছাত্রদের তুলনায় ছাত্রীদের সংখ্যা এবার বেশি। চতুর্থ সেমিস্টারের পরীক্ষা শুরু হবে সকাল ১০ টায়। চলবে বেলা বারোটা পর্যন্ত। বৃত্তিমূলক বিষয়ের পরীক্ষা চলবে সকাল ১০ টা থেকে ১১টা ১৫ পর্যন্ত। তৃতীয় সেমিস্টারের সাপ্লিমেন্টারি পরীক্ষা চলবে দুপুরে

একটা থেকে দুটো ১৫ পর্যন্ত এবং পুরনো পদ্ধতির উচ্চ মাধ্যমিক চলবে সকাল দশটা থেকে একটা পনেরো পর্যন্ত।

বিদ্যাসাগর ভবনে এক সাংবাদিক বৈঠকে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানান, এবার ১০৪ টি পরীক্ষা কেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে। তিনি বলেন, পরীক্ষার্থীদের সকাল ন'টার মধ্যে পরীক্ষা কেন্দ্রে ঢুকতে হবে। পরীক্ষা কেন্দ্রে ঢোকার সময় মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি চালানো হবে। মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ সহ কোনরকম বৈদ্যুতিন সামগ্রিক নিয়ে পরীক্ষার্থীদের ঢুকতে দেওয়া হবে না । পরীক্ষা চলাকালীন এই ধরনের জিনিস নিয়ে কোনো পরীক্ষার্থী ধরা পড়লে তার সব পরীক্ষা বাতিল করা হবে বলে স্পষ্ট জানান তিনি।

<u>oooooooooooooooooo</u>

আসন্ন উচ্চমাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে পরীক্ষার্থীদের সুবিধায় যানজট এড়াতে কলকাতা পুলিশ তাদের নির্ধারিত এলাকায় যান চলাচল নিয়ন্ত্রন করবে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামীকাল থেকে ২৭ তারিখ পর্যন্ত পরীক্ষার দিনগুলিতে জরুরী পন্য ছাড়া সকাল ৬ টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পন্যবাহী যান চলাচল নিয়ন্ত্রন করা হবে। তবে বন্দরমুখী পন্যবাহী যান চলাচলের অনুমতি দেওয়া হবে সকাল ৮ টা পর্যন্ত ।

<u>oooooooooooooooooo</u>

<u>oooooooooooooooooo</u>